# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

Bangladesh Water Development Board

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২২২২২৩০০৭৬

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone-02222230076
dir.discipline.bwdb@gmail.com

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৯.২০-২৪৬

তারিখঃ ২০-০৮-১৪২৮ বঙ্গাঃ
০৫-১২-২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ ফরিদ আলী মৃধা, অফিস সহায়ক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনা এর বিরুদ্ধে বাপাউবোর্ডে চাকরি দেয়ার নামে প্রতারণা করে বাদী জনাব মোঃ শওকত হোসেন এর নিকট হতে ননজুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামায় স্বাক্ষর করে নগদ ৬ (ছয়) লক্ষ টাকা করে মোট ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা গ্রহণ করেন। পরবর্তীতে উক্ত টাকা পরিশোধে অস্বীকার করায় বাদী আদালতের শরণাপন্ন হলে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-৩, নওগাঁ কর্তৃক জনাব মোঃ ফরিদ আলী মৃধা, অফিস সহায়ককে ৩ (তিন) বছরের সশ্রম কারাদন্ড ও ৫,০০০ (পাঁচ হাজার) টাকা অর্থদন্ড প্রদান, অনাদায়ে আরো ৩ (তিন) মাসের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত করে রায় প্রদান করা হয়।

২। জনাব মোঃ ফরিদ আলী মৃধা, অফিস সহায়ক এর বিরুদ্ধে মাননীয় সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত , নওগাঁ কর্তৃক তাকে ৩ (তিন) বছরের সশ্রম কারাদন্ড ও ৫,০০০ (পাঁচ হাজার) টাকা অর্থদন্ড প্রদান, অনাদায়ে আরো ৩ (তিন) মাসের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত করে রায় প্রদান করায় উক্ত বিষয়ে বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টা হতে প্রাপ্ত মতামত পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে পেশ করা হলে তাকে বাপাউবোর্ডের চাকরি হতে বিজ্ঞ আদালতের রায়ের তারিখ অর্থাৎ ২৭-০৯-২০২০ খ্রিঃ তারিখ হতে বরখাস্ত দন্ড আরোপ করার সিদ্ধান্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়।

৩। অতএব, উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ ফরিদ আলী মৃধা, অফিস সহায়ক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনাকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১) (খ) (উ), ৬০(২) এবং ৬০ (৩) মোতাবেক আদালত প্রদত্ত রায়ের তারিখ অর্থাৎ ২৭-০৯-২০২০ খ্রিঃ তারিখে বোর্ডের চাকরি হতে বরখাস্ত দন্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

০৫/১২/২০২১

(আব্দুল খালেক)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩০১২০০০১

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৯.২০-৩৪৬ (৮)

তারিখঃ ২০ -০৮-১৪২৮ বঙ্গাঃ
০৫-১২-২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।

২। পরিচালক, কর্মচারী/হিসাব রক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা/খুলনা পওর সার্কেল, বাপাউবো,খুলনা।

৪। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আই সি টি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। তাঁকে দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৬। উপপরিচালক, খুলনা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনা।

৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

৮। জনাব মোঃ ফরিদ আলী মৃধা, অফিস সহায়ক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনা ।

০৫/১২/২০২১

(মোঃ নোমান ফরিদ)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২